

# জুলাইয়ের বেতন দেরিতে পাবেন মাদরাসা শিক্ষকরা

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০১ আগস্ট ২০২৫, ১৬:২৮



মাদরাসা শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর (মাদরাসা) শিক্ষক-কর্মচারীদের জুলাই মাসের বেতন-ভাতা দিতে কিছুটা সময় লাগতে পারে বলে জানিয়েছে অধিদপ্তর।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে **Google News** অনুসরণ করুন

বুধবার (৩০ জুলাই) উপ-পরিচালক (অর্থ) ড. কে এম শফিকুল ইসলাম স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মাদরাসা শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (মাদরাসা) শিক্ষক-কর্মচারীদের অবগতির জন্য এ নোটিশ প্রকাশ করা হয়েছে।

এতে জানানো হয়েছে, শিক্ষক-কর্মচারীদের ইনক্রিমেন্ট হিসাব ও অন্যান্য বিষয়াদির কাজ চলমান রয়েছে। এ অবস্থায় শিক্ষক-কর্মচারীদের চলতি জুলাই মাসের বেতন-ভাতাদির সরকারি অংশের জন্য ৫ থেকে ৭ কর্মদিবস অতিরিক্ত সময় লাগতে পারে।

